

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 06 May, 2025

ঝিনাইদহে বজ্রপাতে মিরাজুল ইসলাম (২৪) ও অলিয়ার রহমান (৫২) নামে দুই কৃষকের মৃত্যু হয়েছে। মিরাজুল ধান কেটে মাঠ থেকে বাড়ি ফেরার সময় এবং অলিয়ার মাঠে ধান কাটা অবস্থায় বজ্রপাতের শিকার হন। মাঠে ধান কাটার কাজ করতে গিয়ে বজ্রপাতের শিকার হন তারা।

মঙ্গলবার (৬ মে) সকাল ১১টার দিকে সদর উপজেলার গান্ধী ইউনিয়নের পশ্চিম বিষয়খালী ও মহারাজপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামে বজ্রপাতের ঘটনা ঘটে। নিহত মিরাজুল ইসলাম গান্ধী ইউনিয়নের পশ্চিম বিষয়খালী গ্রামের শাহাজ্জেল হোসেনের ছেলে। অপর নিহত ব্যক্তি অলিয়ার রহমান মহারাজপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামের খোরশেদ আলমের ছেলে।

স্বজনরা জানায়, সকালে মাঠে ধান বাঁধতে যান মিরাজুল। সকাল সাড়ে ১০টার পরে আকস্মিক বৃষ্টি ও বজ্রপাত শুরু হয়। এসময় অন্যরা নিরাপদ স্থানে আশ্রয় নিলেও বজ্রপাতের কবলে পড়েন মিরাজুল। পরে আহতাবস্থায় তাকে স্থানীয়রা উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নেয়ার পথে তার মৃত্যু হয়।

এছাড়া কালীগঞ্জে বজ্রপাতে বিল্ডিং এর ইট খুলে মাথায় পড়ে গুরুতর আহত হয়েছে বৈষ্যম বিরোধী ছাত্র আন্দোলনের নেতা হুসাইন আহমেদ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 18:53

URL: <https://www.timestodaybd.com/khulna/2026775807>